Resource Integration Centre (RIC)
রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক)

সমাজ কল্যাণ বিভাগ রেজিঃ নং-ঢ-০১১৬৪, এমআরএ সনদ নং-০০৩৪৯-০১৩৭৫-০০১৬৭, এনজিও বিষয়ক ব্যুরো রেজিঃ নং-১৭৭

জুলাই ২৯, ২০২৬ইং

সূত্রঃ রিক/কেন্দ্রীয়/প্রঃ-৬৫৫/২০২৬

সকল কর্মচারী
কেন্দ্রীয় কার্যলয় সহ সকল ডিভিশন, জোন, এরিয়া শাখা, প্রকল্প/প্রোগ্রাম
রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক)।

বিষয়ঃ পদোন্নতি ও ইনক্রিমেন্ট প্রদান প্রসঙ্গে।

প্রিয় সহকর্মীবৃন্দ,

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সংস্থার মাঠ পর্যায় ও কেন্দ্রীয় কার্যালয়ে কর্মরত কর্মচারীদের নিম্নোক্ত শর্তানুযায়ী পদোন্নতি ও ইনক্রিমেন্ট প্রদান করার বিষয়ে কর্তৃপক্ষ সিদ্ধান্ত গ্রহন করেছেনঃ

১. যে সকল কর্মচারীগণ সংস্থার সাংগঠনিক কাঠামোর নিম্নতর পদ থেকে উচ্চতর পদের দায়িত্ব পালন করে আসছেন (যেমন সহকারী এরিয়া ম্যানেজার, সহকারী ব্রাঞ্চ ম্যানেজার ইত্যাদি) তাদের উক্ত দায়িত্ব পালনের মেয়াদ ২ (দুই) বছর বা তার অধিক হলে মানব সম্পদ নীতিমালার ৬৩ নং ধারায় সংশ্লিষ্ট পদে কর্মকাল বিবেচনায় নিয়ে বর্তমান দায়িত্ব পালন করী পদে পদোন্নতি প্রদান করার সিদ্ধান্ত হয়। (পদোন্নতি প্রাপ্তদের তালিকা সংযুক্ত)

২. সংস্থার সাংগাঠনিক কাঠামো সংশোধণ করে ডিভিশনাল ম্যানেজার পদটি সৃষ্টি করা হয় এবং অভ্যন্তরীণ কর্মচারীদের মধ্যে বিভিন্ন পদ থেকে (যেমন ম্যানেজার, সিনিয়র ম্যানেজার, সহকারী মহা ব্যবস্থাপক এবং উপ মহা ব্যবস্থাপক পদের কর্মচারীগণকে) ডিভিশনাল ম্যানেজারের দায়িত্ব প্রদান করা হয়। ডিভিশনের দায়িত্বপ্রাপ্ত কর্মচারীগণের সর্বনিম্ন পদমর্যাদা সিনিয়র ম্যানেজার প্রদানের সিদ্ধান্ত হয়। সে অনুসারে বর্তমান ডিভিশনের দায়িত্বপ্রাপ্ত সিনিয়র ম্যানেজার-এর নিম্নে পদমর্যাদার কর্মচারীগণকে 'সিনিয়র ম্যানেজার' পদ প্রদান করার সিদ্ধান্ত হয়।

৩. ০২ (দুই) বছরের অধিক সময় ধরে যে সকল সহকারী অফিসার-এমআইএস/টিএসও পদে কর্মরত আছেন তাদেরকে সংশ্লিষ্ট পদ থেকে অফিসার-এমআইএস পদে পদোন্নতি প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

৪. কেন্দ্রীয় কার্যালয়ে যে সকল কর্মচারীগণ মানবসম্পদ নীতিমালার ৬৩ নং ধারা অনুযায়ী একই পদে ০২ (দুই) বছর থেকে তদুর্ধ সময় ধরে কর্মরত আছেন এবং কর্তৃপক্ষের বিবেচনায় যে সকল কর্মচারীগণ অর্পিত দায়িত্ব দক্ষতার সাথে এবং সন্তোষজনক ভাবে পালন করছেন তাদেরকে পদোন্নতি প্রদান করার সিদ্ধান্ত হয়।

৫. ক্রমবর্ধমান মূল্যস্ফিতির কারনে জীবনযাত্রার ব্যয় ক্রমশ বৃদ্ধি পাচ্ছে। তদুপরি সরকারী কর্মকর্তা/কর্মচারীদের নতুন বেতন স্কেল প্রদানের ফলে দ্রব্যমূল্যের বাজারে প্রভাব পড়ায় সংস্থার কর্মরত সকল কর্মচারীদের যাদের চাকুরীর মেয়াদ ০১ জানুয়ারি ২০২৬ তারিখে কমপক্ষে ২ বছরের বেশী হয়েছে তাদের বেতনের সাথে সংস্থার বেতন কাঠামো ২০২৪ অনুযায়ী সংশ্লিষ্ট পদের ০১ (এক) টি স্টেপ যুক্ত করে বেতন নির্ধারনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। যা ০১ জুলাই ২০২৬ থেকে কার্যকর হবে। তবে নিম্নোক্ত কারনে অন্যান্য শর্ত পূরণ করলেও সংশ্লিষ্ট কর্মচারীদের বেতন বৃদ্ধি/ইনক্রিমেন্ট প্রদান করা হবে নাঃ

- ০১.০৭.২০২৫ তারিখের পর থেকে যে সকল কর্মচারীগণকে উচ্চতর পদে পদোন্নতির মাধ্যমে বেতন বৃদ্ধি করা হয়েছে,
- সংস্থার চলমান প্রক্রিয়া হিসেবে যে সকল কর্মচারীগণ পদোন্নতি পরীক্ষায় অংশগ্রহণ করে নির্বাচিত হয়েছেন এবং পদোন্নতি প্রক্রিয়াধীন আছে (তবে এ সকল পদোন্নতি প্রক্রিয়া অনিবার্য কারণবশতঃ ব্যহত হলে তাদেরকে ০১ জুলাই, ২০২৬ থেকে ইনক্রিমেন্ট প্রদান করা হবে),
- ইতোমধ্যে যে সকল কর্মচারীগণ পদত্যাগ করেছেন, অব্যহতি প্রদান করা হয়েছে অথবা সাময়িক বরখাস্ত হয়েছেন অথবা অন্যান্য অভিযোগ প্রক্রিয়াধীন আছে,
- সুরভাইজারদের মতামতের ভিত্তিতে যে সকল কর্মচারীদের দায়িত্ব পালনে অসংগতি/অসামঞ্জস্যতা পাওয়া গেছে অর্থাৎ দায়িত্ব পালন মানসম্মত (upto the mark) নয় তাদের ইনক্রিমেন্ট প্রদান স্থগিত থাকবে এবং পরবর্তীতে সুপারভাইজার ও উপযুক্ত কর্তৃপক্ষের নিকট তাদের দায়িত্ব পালন সন্তোষজনক মনে হলে তাদের বিষয় উর্দ্ধতন কর্তৃপক্ষ পরবর্তীতে সিদ্ধান্ত নেবে।

এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, উল্লেখিত শর্তমোতাবেক ভুলবশতঃ কোন কর্মচারী পদোন্নতি ও ইনক্রিমেন্ট-এর তালিকায় অন্তর্ভুক্ত থাকলে বা অন্তর্ভুক্ত না হলে এবং ভুলবশতঃ বেতন সম্পর্কিত কোন অসামঞ্জস্য থাকলে তা পরবর্তীতে সংশোধন করা হবে।

পদোন্নতি ও ইনক্রিমেন্ট ০১ জুলাই,২০২৬ তারিখ থেকে কার্যকর হবে, সে অনুসারে সংশ্লিষ্ট বিভাগকে প্রয়োজনীয় পদক্ষেপ প্রহনের নির্দেশ প্রদান করা হলো।

ধন্যবাদন্তে

আবুল হাসিব খান
নির্বাহী পরিচালক

অনুলিপি প্রেরণ করা হলোঃ-পরিচালক/উপ পরিচালক/সহকারী পরিচালক/বিভাগীয় প্রধান (সকল)/প্রোগ্রাম/অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ/ঋণ কর্মসূচী/ঋণ কর্মসূচী অপাশেণ টীম/হিসাব বিভাগ/মানব সম্পদ ও প্রশাসনিক বিভাগ/ফাইল।